



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
আইসিটি শাখা
www.mohpw.gov.bd



স্মারক নং- ২৫.০০.০০০০.৫৬.৮৮.০০২.২১ - ৩৫৫

তারিখঃ ১৫ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ।
৩০ ডিসেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ।

ডিজিটাল সেবা বাস্তবায়নের অফিস আদেশ

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়, সচিব মহোদয়সহ সকল উর্ধ্বতন কর্মকর্তাগণের দৈনন্দিন কর্মসূচী ব্যবস্থাপনার জন্য ই-গভর্নেন্স ও উত্তাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর আওতায় ডিজিটাল শিডিউল ব্যবস্থাপনা পদ্ধতি প্রবর্তনের উদ্যোগ গ্রহণ করা হয়েছিল।

০২। বর্ণিত সেবাটি অনলাইন ভিত্তিক ও ডিজিটাল পদ্ধতিতে প্রদানের জন্য ই-গভর্নেন্স ও উত্তাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর আওতায় Schedule Management System (SMS) নামক একটি ডিজিটাল সেবা প্রস্তুত করা হয়েছে। Schedule Management System এর মাধ্যমে কর্মকর্তাগণ কম্পিউটার/মোবাইল ফোন ব্যবহার করে দৈনন্দিন শিডিউল প্রস্তুত করতে পারবেন ও দেখতে পারবেন। মন্ত্রণালয়ের ওয়েবসাইটে অভ্যন্তরীণ ই-সেবার আওতায় Schedule Management System (SMS) লিংকে গিয়ে ব্যবহারকারীগণ এই ডিজিটাল সেবাটি গ্রহণ করতে পারবেন।

০৩। বর্ণিতাবস্থায়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারীগণকে Schedule Management System (SMS) এর মাধ্যমে বর্ণিত কার্যক্রম সম্পাদনের জন্য নির্দেশক্রমে সবিনয় অনুরোধ করা হলো।

Mihircse1
(মিহির কাপ্তি সরকার)
সিস্টেম এনালিস্ট
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
ফোনঃ ০২-৫৫১০১২১৪
ই-মেইলঃ mihircse1@gmail.com

বিতরণ (সদয় অবগতি ও কার্যার্থে) (জ্যোষ্ঠার ক্রমানুসারে নয়):

১. অতিঃ সচিব (সকল), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. যুগ্মসচিব (সকল), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. উপসচিব (সকল), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সিনিয়র সহকারী সচিব (সকল), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. প্রোগ্রামার, আইসিটি শাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অফিস আদেশটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)।
৮. হিসাবরক্ষণ কর্মকর্তা/সহকারী সচিব (সকল), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. প্রশাসনিক কর্মকর্তা (সকল), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. ব্যক্তিগত কর্মকর্তা (সকল)....., গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. অফিস কপি/মাস্টার ফাইল।